গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
টেলিযোগাযোগ অধিদপ্তর
মহাপরিচালকের কার্যালয়
প্রশাসন-১ শাখা
৪২৩-৪২৮ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮।
www.telecomdept.gov.bd

ডিপার্টমেন্ট অফ টেলিকমিউনিকেশন্স

**টেলিযোগাযোগ অধিদপ্তরে অনুষ্ঠিত আগষ্ট /২০২৪ মাসে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণী**

| | |
|---|---|
| সভাপতি | সঞ্জিব কুমার ঘটক<br>মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব) |
| সভার তারিখ | ১৯-০৮-২০২৪ খ্রিঃ |
| সভার সময় | .সকাল ১১:০০ ঘটিকা |
| স্থান | টেলিযোগাযোগ অধিদপ্তরের সভাকক্ষ (কক্ষ নং ৪০৩) |
| উপস্থিতি | .পরিশিষ্ট-ক (স্বাক্ষরের ক্রমানুসারে) |

সভাপতি সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতেই বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনে শহীদ ছাত্র জনতার জন্য শোক জ্ঞাপন এবং আহতদের দ্রুত আরোগ্য কামনা করা হয়। শহীদদের স্মরণে এক মিনিট নিরবতা পালন করা হয়। অতঃপর সভার আলোচ্যসূচী অনুযায়ী বিস্তারিত আলোচনা ও নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করা হয়:-

**১) জুলাই/২০২৪ মাসে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণী উপস্থাপন, পঠন ও দৃঢ়ীকরণ**

| ক্র. | বিষয় | আলোচ্য বিষয়ের সংক্ষিপ্ত বিবরণ | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|---|
| ১ | জুলাই/২০২৪ মাসে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণী উপস্থাপন, পঠন ও দৃঢ়ীকরণ | ৩১/০৭/২০২৪ তারিখ তারিখ রোজ বুধবার বেলা ১১.০০ ঘটিকায় অনুষ্ঠিত জুলাই/২০২৪ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী ডি নথিতে সংশ্লিষ্ট সকলের নিকট ইতোমধ্যে প্রেরণ করা হয়েছে। উক্ত কার্যবিবরণীতে কোন সংশোধনী প্রস্তাব না থাকলে কার্যবিবরণী দৃঢ়ীকরণ। | গত সমন্বয় সভার কার্যবিবরণীর কোন আপত্তি, সংশোধনী কিংবা সংযোজনী প্রস্তাব না থাকায় দৃঢ়ীকরণ করা যেতে পারে। | গত সমন্বয় সভার কার্যবিবরণীর উপর কোন আপত্তি, সংশোধনী কিংবা সংযোজনী প্রস্তাব না থাকায় সর্বসম্মতিক্রমে অনুমোদন ও দৃঢ়ীকরণ করা হলো। |

**২) জুলাই/২০২৪ মাসের সমন্বয় সভায় গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি**

| ক্র. | বিষয় | আলোচনা এবং গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | ভূমি সংক্রান্ত | সভায় উপপরিচালক (প্রশাসন) টেলিযোগযোগ অধিদপ্তরের অনুকুলে ডাক ও টেলিযোগাযোগ বিভাগ কর্তৃক বরাদ্দ হওযার পর অধিদপ্তর হতে গৃহীত পদক্ষেপ বর্ণনা করেন। ইউটিলিটি বিল সমূহ বিটিসিএল হতে টেলিযোগাযোগ অধিদপ্তরের নামে নাম পরিবর্তন করার জন্য পত্র প্রেরণের সিদ্ধান্ত হয়। অত্র কম্পাউন্ড যে সব প্রতিষ্ঠানকে ভাড়া প্রদান করা আছে তাদের সাথে যোগাযোগ করার জন্য মহাপরিচালক মহোদয় নির্দেশনা প্রদান করেন। অত্র কম্পাউন্ডের ইনভেন্টরী প্রণয়নের জন্য বিটিসিএলকে পুনরায় পত্র প্রদানের সিদ্ধান্ত হয়। | ইতমধ্যে ইউটিলিটি বিলের নাম পরিবর্তনের জন্য পত্র প্রদান করা হয়েছে। বিটিসিএল হতে ও একটি পত্র প্রদান করা হয়েছে | ছক প্রণয়ন করে বিটিসিএল কে পুনরায় পত্র প্রদান করার সিদ্ধান্ত হয়। পরিচালক(প্রশাসন) সিদ্ধান্তটি বাস্তবায়ন করবেন। |


**৩) আগষ্ট/২০২৪ মাসের আলোচ্যসূচির উপর আলোচনা ও সিদ্ধান্ত**

| ক্র. | বিষয় | আলোচ্য বিষয়ের সংক্ষিপ্ত বিবরণ | আলোচনা এবং গৃহিত সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|

| | | | | |
|---|---|---|---|---|
| ১ | সার্ভিস বুক | সম্প্রতি পদোন্নপ্রাপ্ত কর্মচারীদের সার্ভিস বুক প্রেরণ সংক্রান্ত | টেলিযোগাযোগ অধিদপ্তরে সম্প্রতি ৫০০ জনের অধিক কর্মচারীদের পদোন্নতি হয়েছে এবং তারা টেলিযোগাযোগ অধিদপ্তরে যোগদান করেছেন। ডাক ও টেলিযোগাযোগ বিভাগ হতে কিছু কর্মচারীদের বিটিসিএল এ প্রেষনে প্রেরণ করা হয়। তাদের সার্ভিস বুক বর্তমানে টেলিযোগাযোগ অধিদপ্তরে সংরক্ষিত আছে। কর্মচারীদের বিভিন্ন কাজের জন্য তাদের সার্ভিস বুক বিটিসিএল এ প্রেরণের প্রয়োজনীয়তা আছে কিনা সেবিষয়ে বিশদ আলোচনা করা হয়।যেহেতু সরকারী কর্মচারী সেহেতু টেলিযোগাযোগ অধিদপ্তরে সার্ভিস বুক সংরক্ষন করা শ্রেয় বলে অনেকে মত প্রদান করেন আবার কেউ প্রেষনে যেই দপ্তরে প্রেরণ করা হয়েছে সার্ভিস বুক প্রেরণ করা যুক্তিযুক্ত মনে করেন । বিশদ আলোচনা শেষে মহাপরিচালক মহোদয় সিএএফও দপ্তরের সাথে যোগাযোগ করে চূড়ান্ত সিদ্ধান্ত নিতে বলেন। | পরিচালক (প্রশাসন) |
| ২ | মামলা সংক্রান্ত | টেলিযোগাযোগ অধিদপ্তরের বিভাগীয়/ উচ্চ আদালতে চলমান মামলার বিষয়ে আলোচনা | উপপরিচালক(ফ্রিকোয়েন্সি মনিটরিং) টেলিযোগাযোগ অধিদপ্তরের চলমান মামলাসমূহের একটি প্রতিবেদন উপস্থাপন করেন। মহাপরিচালক মহোদয় মামলা সমূহ তদারকির মাধ্যমে দ্রুত নিষ্পত্তির তাগিদ প্রদান করেন। | উপপরিচালক (ফ্রিকোয়েন্সি মনিটরিং) |
| ৩ | সেবা সহায়তা ও তথ্য কেন্দ্র | টেলিযোগাযোগ অধিদপ্তরের সেবা সহায়তা ও তথ্য কেন্দ্র বিষয়ে আলোচনা | ই-গভর্নেন্স ও ইনোভেশন কর্মপরিকল্পনা (২৩-২৪) এর আওতায়, ডিওটি'র অফিস ব্যবস্থাপনা সহজিকরণের লক্ষ্যে, ডিওটি'র 'সেবা সহায়তা ও তথ্য কেন্দ্র' স্থাপন করা হয়েছে। জনাব শহীদুল ইসলাম শেখ, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা সেবা সহায়তা ও তথ্য কেন্দ্রের কার্যক্রম অবহিত করেন। জনাব সাইফুর রহমান , উপপরিচালক, পেনশন নেওয়ার ক্ষেত্রে পেনশনের কাগজপত্র গ্রহন ও যেই সেকশন পেনশন প্রক্রিয়া করে তা আলাদা করার গুরুত্ব আরোপ করেন। উপপরিচালক (অর্থ) পেনশন গ্রহনকারীর আবেদন গ্রহনের সময়ের প্রাপ্ত কাগজপত্রের তালিকার একটি চেকলিষ্ট এবং চেকলিষ্ট অনুযায়ি কাগজপত্র পাওয়ার গ্রহনের রশিদ প্রদানের কথা জানান।সেবা সহায়তা কেন্দ্র পরিচিতকরণের জন্য বিভিন্ন স্থানে দিকচিহ্ন দেওয়ার সিদ্ধান্ত হয়। মহাপরিচালক মহোদয় স্বচ্ছ ও জবাবদিহিতার স্বার্থে সেবা সহায়তা ও তথ্য কেন্দ্র আর ও কার্যকর করার উপর গুরুত্বারোপ করেন। | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, সেবা সহায়তা ও তথ্য কেন্দ্র |
| ৪ | ডি-নথি সংক্রান্ত প্রতিবেদন | টেলিযোগাযোগ অধিদপ্তরের ডি-নথি বিষয়ক প্রতিবেদন। | জুলাই মাসে ডি নথির মাধ্যমে নিষ্পত্তিকৃত নথির সংখ্যা-৩০৬ টি, হার্ড নথির মাধ্যমে নিষ্পত্তিক্রত নথির সংখ্যা -৩৪ টি , ডি নথির মাধ্যমে নিষ্পত্তির মাধ্যমে হার ৯০%। মহাপরিচালক মহোদয় ডি নথির মাধ্যমে নথি নিষ্পত্তির নির্দেশনা প্রদান করেন। | সকল কর্মচারী |

| | | | | |
|---|---|---|---|---|
| ৫ | টেলিযোগাযোগ অধিদপ্তরের কার্যক্রম | টেলিযোগাযোগ অধিদপ্তরকে অধিকতর কার্যকর ও গতিশীল করার জন্য মতামত | মহাপরিচালক মহোদয় টেলিযোগাযোগ অধিদপ্তরকে অধিকতর কার্যকর ও গতিশীল করার জন্য মতামত আহ্বান করেন । সভায় লিখিত মতামতগুলি উপস্থাপন করা হয়। মহাপরিচালক মহোদয় সকলকে আন্তরিকতা , সততা ও দক্ষতার সাথে টেলিযোগাযোগ অধিদপ্তরের উন্নয়নে ভূমিকা রাখার আহ্বান জানান। | সকল কর্মচারী |

সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রমের সমাপ্তি ঘোষণা করেন।




২৮-০৮-২০২৪
সঞ্জিব কুমার ঘটক
মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
+৮৮০-২-৯৮৩০৯১১ (ফোন)
+৮৮০-২-৯৮৩০৯৮০ (ফ্যাক্স)
dg@telecomdept.gov.bd

**নম্বর:** ১৪.৩০.০০০০.২১২.০৬.০০১.২০.৩১২

তারিখ: ১৩ ভাদ্র ১৪৩১ বঙ্গাব্দ
২৮ আগস্ট ২০২৪ খ্রিস্টাব্দ

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সচিব, সচিবের দপ্তর, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ;
২। অতিরিক্ত মহাপরিচালক(সকল), টেলিযোগাযোগ অধিদপ্তর, ঢাকা।;
৩। পরিচালক(সকল), টেলিযোগাযোগ অধিদপ্তর, ঢাকা। এবং
৪। উপ-পরিচালক (সকল), ডিওটি, ঢাকা।।



২৯-০৮-২০২৪
মোঃ আখলাকুল আউয়াল ভুঁইয়া
উপপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)

**সকল সংযুক্তিসমূহ:**

(১) আগষ্ট ২৪ মাসের সমন্বয় সভায় উপস্থিত কর্মকর্তাগণের হাজিরা বিবরণী